



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

তারিখ : ২৫.০৩.২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি



২৫শে মার্চ জাতীয় গণহত্যা দিবস স্মরণে দোয়া মাহফিল ও আলোচনা অনুষ্ঠান

বাংলা একাডেমি আজ ১১ই চৈত্র ১৪৩০/২৫শে মার্চ ২০২৪ সোমবার সকাল ১১:০০টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে জাতীয় গণহত্যা দিবস স্মরণে দোয়া মাহফিল ও একক বক্তৃতানুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সূচনা বক্তব্য প্রদান করেন বাংলা একাডেমির সচিব মোহাঃ নায়েব আলী। একক বক্তৃতা প্রদান করেন বীর মুক্তিযোদ্ধা লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির (বীরপ্রতীক)। সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।

অনুষ্ঠানের শুরুতে একাত্তরের ২৫শে মার্চ কালরাতের শহিদ স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন মাওলানা মো. মাহফুজ।

মোহাঃ নায়েব আলী বলেন, পৃথিবীর ইতিহাসে বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে সংঘটিত এত বিপুল গণহত্যার ঘটনা বিরল। তবে আমরা গণহত্যার মুখোমুখি হয়ে স্তব্ধ হয়ে যাইনি বরং বঙ্গবন্ধুর অসামান্য নেতৃত্বে মুক্তিযুদ্ধে বিজয় অর্জনের মধ্য দিয়ে কাঙ্ক্ষিত স্বাধীনতা পেয়েছি।

বীর মুক্তিযোদ্ধা লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির (বীরপ্রতীক) বলেন, পাকিস্তানি সেনাবাহিনী ও শাসকগোষ্ঠী পাকিস্তান প্রতিষ্ঠার সূচনালগ্ন থেকে বাঙালি-বৈরী ভূমিকা পালন করতে থাকে। তারা আমাদের শাসনতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করেছে, অর্থনৈতিকভাবে পঙ্গু করেছে, ভাষা-সাহিত্য ও সংস্কৃতিকে স্তব্ধ করতে নানামুখী আক্রমণ চালিয়েছে এবং চূড়ান্ত পর্যায়ে স্বাধীনতাকামী জনগোষ্ঠীর বিরুদ্ধে ইতিহাসের জঘন্যতম গণহত্যা পরিচালনা করেছে। তিনি বলেন, মুক্তিযুদ্ধের বিস্মৃত ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে আমাদের তৎপর হতে হবে। গণহত্যা ও নির্যাতনের প্রামাণ্য ইতিহাস সংরক্ষণ ও প্রচারে মনোযোগী হতে হবে।

মুহম্মদ নূরুল হুদা বলেন, স্মরণাতীতকাল থেকে বাঙালির মুক্তির সংগ্রাম শুরু হয়েছে। আমরা সবসময় লড়াই করে আমাদের অধিকার অর্জন করেছি; অধিকারের প্রশ্ন সামনে আসলে কায়েমি স্বার্থবাদী গোষ্ঠীর দ্বারা গণহত্যার শিকার হয়েছি। তিনি বলেন, ১৯৭১ সালের ২৫শে মার্চ কালরাতে হানাদার পাকিস্তান বাহিনী গোটা বাঙালি জাতিকে নির্মূলের অশুভ উদ্দেশ্যে যে পৈশাচিক বর্বরতা চালায়, মানবতা সুরক্ষার স্বার্থে তার আন্তর্জাতিক তদন্ত ও স্বীকৃতি প্রয়োজন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা একাডেমির উপপরিচালক ড. সাহেদ মস্তাজ।

সমীর কুমার সরকার

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ